

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা  
www.mopa.gov.bd

নংঃ ০৫.২০১.০২৫.০০.০০.০০৬.২০১৩(অংশ-১)-১৮২

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ, ১৪২৪  
১৫ মে, ২০১৭

বিষয়: ০৬টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অনুষ্ঠিতব্য ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের তারিখ পরিবর্তন।


সূত্রঃ বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নংঃ ০৫.০১.২৬৭২.১৪০.২৫.০২২.১৭-৮৭, তারিখঃ ১৪-০৫-২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, (১) বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাতার, ঢাকা, (২) বি.সি.এস. প্রশাসন একাডেমী, শাহবাগ, ঢাকা, (৩) বিয়াম ফাউন্ডেশন, ইস্কাটন, ঢাকা, (৪) টেলিকমিউনিকেশন স্টাফ কলেজ, গাজীপুর, (৫) পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া এবং (৬) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লায় অনুষ্ঠিতব্য ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আগামী ২১ মে ২০১৭ হতে ১৬ নভেম্বর ২০১৭ তারিখের পরিবর্তে আগামী ২৪ মে ২০১৭ হতে ১৯ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদে কোর্সের তারিখ নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হলো।

০২। রেজিস্ট্রেশন সম্পন্নকারী কর্মকর্তাগণ-কে আগামী ২৩ মে ২০১৭ তারিখ মঙ্গলবার দুপুর ২.০০ টার মধ্যে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে রিপোর্ট করতে হবে। উক্ত তারিখে প্রশিক্ষণে অংশগ্রহণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অফিসারবন্দ ব্যতীত) প্রশিক্ষণকালীন সময়ের জন্য নিজ নিজ কর্মস্থল হতে ২৪ মে ২০১৭ তারিখ পূর্বাঙ্কে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (stand released) বলে গণ্য হবেন।

৩। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের বিজ্ঞ বিচারকগণ আইন ও বিচার বিভাগের ১৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৫.০০৩.১৭.১৩১ নং স্মারকের প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৩ মে ২০১৭ তারিখ মঙ্গলবার দুপুর ২.০০ টার মধ্যে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে যোগদান করবেন। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৪। অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

  
২৫.০৫.২০১৭  
মোহাম্মদ আবুল কালাম আজাদ  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ +৮৮ ০২ ৯৫৫৬৮৫২  
it2@mopa.gov.bd


নংঃ ০৫.২০১.০২৫.০০.০০.০০৬.২০১৩(অংশ-১)-১৮২/৬৮৪(১)

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ, ১৪২৪  
১৫ মে, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। রেস্তুর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাতার, ঢাকা।
- ৫। রেস্তুর, বি.সি.এস. প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ইস্কাটন, ঢাকা।
- ৭। মহাপরিচালক/চেয়ারম্যান/নিবন্ধক,.....।

- ৮। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ৯। মহাপরিচালক, টেলিকমিউনিকেশন স্টাফ কলেজ, গাজীপুর।
- ১০। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা।
- ১১। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া।
- ১২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৩। জেলা প্রশাসক.....।
- ১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ১৬। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। সংশ্লিষ্ট কর্মকর্তা.....।
- ১৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ১৯। অতিরিক্ত সচিব (সিপিটি)/অতিরিক্ত সচিব (এপিডি)/যুগ্মসচিব (প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ২০। অফিস কপি/মাস্টার কপি।

  
 ০৫.০৫.২০১৭  
 মোহাম্মদ আবুল কালাম আজাদ  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোনঃ+৮৮ ০২ ৯৫৫৬৮৫২  
 it2@mopa.gov.bd